দৈনিক সংবাদ

তারিখ 22 MAR 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

44

সোহরাওয়ার্দী কলেজ

## ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে গোলাগুলি বোমাবাজি

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার দুপুরের দিকে সূত্রাপুর থানাধীন সরকারী হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে গোলাগুলি ও বোমাবাজি হয়েছে। এতে কেউ আহত হয়নি বলে পুলিশ সূত্রে বলা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুই দলের সশস্ত্র

ছাত্রদল ঃ পৃঃ ২ কঃ ৫

## ছাত্রদল ঃ দুই গ্রুপে বোমাবাজি

( ১ম পৃষ্ঠার পর )

ক্যাডাররা প্রায় আধঘন্টা প্রকাশ্যে গোলাগুলি ও বোমাবাজি করে। সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে কেউ গ্রেফতার হয়নি। জানা গেছে, কলেজে আধিপত্য বিস্তার ও চাঁদাবাজি নিয়ে ওই দু'টি দলের মধ্যে দীর্ঘদিন ধরে বিবাদ চলে আসছিল। গত ৫ই মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রদলের ক্যাডার কাজল ও সগীর গ্রুপের মধ্যে সংঘর্ষ ও দারোগা ফরহাদ হত্যাকান্ডের পর তারা কিছুদিন চুপচাপ ছিলো।